

নেকলেস

-গি দ্য মোপাসাঁ

-অনুবাদক: পূর্ণেন্দু দস্তিদার (১৯০৯ - ১৯৭১)

উদ্দেশ্য/শিখনফল

গল্পটি পড়ার পর শিক্ষার্থী-

- ক. মাদাম লোইসেলের ভুল থেকে শিক্ষা নেবে।
- খ. মানুষ প্রকৃতপক্ষে কীসে সুখী? - এ প্রশ্নের উত্তর খুঁজবে।
- গ. গল্পকারের জীবন ও অন্যান্য সাহিত্যকর্ম সম্পর্কে আগ্রহী হবে।
- ঘ. গল্পকার সম্পর্কে মূল্যায়ন করতে পারবে।

পাঠ - ০১

লেখক-পরিচিতি

- ০১. জন্ম : ৫ আগস্ট, ১৮৫০।
- ০২. জন্মস্থান : নর্মান্ডি শহর, ফ্রান্স।
- ০৩. একজন বিশ্বসেরা গল্পকার হিসেবে সুপরিচিত।
- ০৪. মৃত্যু : ৬ জুলাই, ১৮৯৩।

পাঠ-পরিচিতি

উৎস : পূর্ণেন্দু দস্তিদারের লেখা 'মোপাসাঁর গল্প' থেকে পাঠ্য গল্পটি সংগৃহীত।

শ্রেণি (Type) : এটি একটি ছোটগল্প।

বিষয় (Content): এটি মসিয়ে লোইসেল ও মাদাম লোইসেলের গল্প। সামর্থ্যের অতিরিক্ত বিত্ত-বিলাসের আকাঙ্ক্ষা ছিল মাদাম লোইসেলের এবং সেটাই তাঁর দাম্পত্য জীবনে দারিদ্র্য ও দুঃখ-কষ্ট ঘনীভূত করে তুলেছে। তাছাড়া গল্পটিতে ফুটে উঠেছে ফরাসি সমাজের চিত্র। সততার উজ্জ্বল দৃষ্টান্ত।

চরিত্রসমূহ

মসিয়ে লোইসেল, মাদাম লোইসেল (মাতিলদা), খর্বকায় ব্রেটন, ফোরস্টিয়ার (জেনি), জনশিক্ষা মন্ত্রী ও তাঁর স্ত্রী (মাদাম জর্জ রেম্পননু), জনৈক স্বর্ণকার।

মূলপাঠ: সংকেত

ক. মাদাম লোইসেলের দারিদ্র্য ও দুঃখ; খ. একটি আমন্ত্রণপত্রের প্রতিক্রিয়া; গ. সান্ধ্যকালীন ভোজের দিন; ঘ. ঋণ (১৮হাজার ফ্রাঁ) পরিশোধের ১০বছর; ১. ইউকেভে পার্কে একদিন।

শব্দার্থ ও টীকা

শব্দার্থ:

কনভেন্ট (Convent)- খ্রিষ্টান নারী মিশনারিদেও দ্বারা পরিচালিত স্কুল ।

মসঁিয়ে (Mr) - জনাব, সম্মানসূচক সম্বোধন ।

ফ্রাঁ- ফরাসি মুদ্রার নাম । বর্তমান নাম ইউরো ।

বল নাচ- বিনোদনমূলক নাচের অনুষ্ঠান ।

ক্রুশ (Cross)- খ্রিষ্টানদের ধর্মীয় প্রতীক ।

স্যটিন (Satin)- মসৃণ ও উজ্জ্বল রেশমি বস্ত্র ।

প্যারী- প্যারিস । ফ্রান্সের রাজধানী ।

প্যালেস রয়েল (Palace Royal)- রাজকীয় প্রাসাদ । এখানে অভিজাত বিপনিবিতান বোঝানো হয়েছে ।

টীকা:

কী অন্যান্য সাধারণ এই জীবন আর তার মধ্যে কত বৈচিত্র্য!

পাঠোত্তর মূল্যায়ন

বহুনির্বাচনি প্রশ্ন ও সৃজনশীল প্রশ্ন

বিভিন্ন বোর্ড (২০১৬ - ২০১৯)